নওগাঁর পোরশায় অবধৈ দুই ইটভাটায় ৪ লাখ টাকা জরমিানা

লখেক: প্রকাশক | প্রকাশতি: 04 November 2026, 04:02 PM | বভিাগ: সারাদশে



নওগাঁর পোরশা উপজলোয় অবধৈ ইটভাটার বরিুদ্ধে অভযিান চালযিে দুটি ইটভাটার কর্তৃপক্ষকে মোট ৪ লাখ টাকা জরমিানা করছেনে ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে ইটভাটা দুটরি পুনর্নর্মিাণ ও সংস্কারকাজ বন্ধ রাখার নর্দিশে দওেয়া হয়ছে।ে

বুধবার (৪ নভম্বের) দুপুর সাড়ে ১২টার দকিে পরবিশে অধদিপ্তর, নওগাঁ জলো কার্যালয়রে উদ্যোগে এ অভযিান পরচিালনা করা হয়। অভযিানে নতেৃত্ব দনে নওগাঁ জলো প্রশাসনরে নর্বিাহী ম্যাজস্ট্রিটে ফারজানা সুলতানা।

অভিযানকালে পোরশা উপজেলার পশ্চিম রঘুনাথপুর এলাকায় অবস্থিত মেসার্স এনএসবি ব্রিকস এবং নিতপুর এলাকায় অবস্থিত মেসার্স কইবেসি ব্রিকস নামের দুটি ইটভাটায় যথাযথ কাগজপত্র ছাড়াই পুনর্নির্মাণ ও সংস্কারকাজ চলতে দেখা যায়।

এ সময় ইটভাটা দুটির কর্তৃপক্ষের বিরুদ্ধে পৃথক দুটি মামলা দায়ের করে মোট ৪ লাখ টাকা জরিমানা ধার্য ও আদায় করা হয়। পাশাপাশি প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ না করা পর্যন্ত ইটভাটা দুটির পুনর্নির্মাণ ও সংস্কারকাজ বন্ধ রাখার শর্তে কর্তৃপক্ষের কাছ থেকে মুচলেকা নেওয়া হয়।

অভিযানে প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন পরিবেশ অধিদপ্তর, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. নাজমুল হোসাইন। এ সময় নওগাঁ ব্যাটালিয়ন আনসারের একটি চৌকস দল ভ্রাম্যমাণ আদালতকে নিরাপত্তা প্রদান করে।

পরিবেশ সুরক্ষা ও দূষণ নিয়ন্ত্রণে অবৈধ ইটভাটার বিরুদ্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।